



## বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২ নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা  
www.bmeb.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ,  
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৫.২৩.৭১৪৪

২ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ  
তারিখ: ১৬ মে ২০২৪ খ্রিস্টাব্দ

### বিষয়: কারণ দর্শানো প্রসঙ্গে

সূত্র: ১। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের স্মারক নং- ০৫.৪৭.৪৯৯৪.০০০.০৫.০২৯.২২.-৭৬৮; তারিখ: ০১, অক্টোবর ২০২৩

২। জেলা প্রশাসকের কার্যালয়ের স্মারক নং-০৫.৪৭.৪৯০০.০১৫.০৩.০০৫.২৩.-১১৬; তারিখ: ০১, এপ্রিল ২০২৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, কুড়িগ্রাম জেলার উলিপুর উপজেলাধীন নাগড়াতুড়া দারুল উলুম দাখিল মাদ্রাসার দাতা সদস্য জনাব ফিরোজ শাহ আলম প্রথমে কমিটি গঠনের বিভিন্ন অনিয়মের বিষয়ে উল্লেখ করে অত্র বোর্ডে একটি অভিযোগ দাখিল করেন। উক্ত অভিযোগের বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার, উলিপুর, কুড়িগ্রাম-কে সরেজমিনে তদন্তপূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণের জন্য পত্র প্রেরণ করা হয়। তদন্তকারী কর্মকর্তা সূত্রোক্ত ১নং স্মারকে তদন্তপূর্বক মতামত প্রদান করেন। তদন্তে আনীত অভিযোগ প্রমাণিত হয়নি মর্মে তিনি প্রতিবেদন প্রেরণ করেন।

পুনরায় অভিযোগকারী মনগড়া ও পক্ষপাতমূলক প্রতিবেদন প্রেরণ করেছেন মর্মে উচ্চতর তদন্ত চেয়ে আবেদন করেন। তার আবেদনের প্রেক্ষিতে উচ্চতর তদন্তের জন্য প্রেক্ষিতে জেলা প্রশাসক, কুড়িগ্রাম-কে সরেজমিনে তদন্তপূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণের জন্য পত্র প্রেরণ করা হয়। তদন্তকারী কর্মকর্তা সূত্রোক্ত ২নং স্মারকে তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণ করেন। তিনি উল্লেখ করেন, ইবতেদায়ী শাখার কোন অভিভাবক সদস্য মনোনয়ন পত্র সংগ্রহ করেনি এবং ইবতেদায়ী শাখার অভিভাবক সদস্য ছাড়াই নির্বাচন অনুষ্ঠিত হয়। সরেজমিনে তদন্তকালে ও নথি/রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায়, ইবতেদায়ী শাখার (১ম থেকে ৫ম শ্রেণি) ৮৮ জন ভোটারের (অভিভাবক সদস্য) নামের উৎস সংশ্লিষ্ট কোন হাজিরা খাতা/শিক্ষার্থীর জন্ম নিবন্ধন/ অভিভাবকের জাতীয় পরিচয়পত্র ও জাতীয় কোন প্রমাণক পাওয়া যায়নি। সরেজমিনে তদন্তকালে ৮৮ জনের নাম সম্বলিত কোন ব্যক্তিকে উপস্থাপন করতে মাদ্রাসা কর্তৃপক্ষ ও সংশ্লিষ্টরা ব্যর্থ হয়। ইবতেদায়ী শাখার ৮৮ জন অভিভাবক সদস্যের ভোটার তালিকা ক্রটিপূর্ণ ও অসামঞ্জস্যপূর্ণ এবং ইবতেদায়ী শাখার ভোটার তালিকা জালিয়াতি সংক্রান্ত অভিযোগ সত্য মর্মে প্রতীয়মান হয়েছে মর্মে তদন্তকারী কর্মকর্তা মতামতে উল্লেখ করেন।

বর্ণিত অবস্থায়, অভিযোগকারীর অভিযোগ প্রমাণিত হওয়ায় অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন ভেঙ্গে দেয়া হবে না তার সন্তোষজনক জবাব পত্র প্রাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

১৬-০৫-২০২৪

প্রফেসর মোহাম্মদ মাহবুব হাসান

রেজিস্ট্রার (রুটিন দায়িত্ব)

০২-৯৬১২৮৫৮ (ফোন)

০২৫৮৬১৬৬৮১ (ফ্যাক্স)

info@bmeb.gov.bd

### বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সভাপতি (ম্যানেজিং কমিটি), নাগড়াতুড়া দারুল উলুম দাখিল মাদ্রাসা, ডাকঘর: সাতদরগাহ, উপজেলা: উলিপুর, জেলা: কুড়িগ্রাম এবং

২। সুপার/ভারপ্রাপ্ত সুপার, নাগড়াতুড়া দারুল উলুম দাখিল মাদ্রাসা, ডাকঘর: সাতদরগাহ, উপজেলা: উলিপুর, জেলা: কুড়িগ্রাম।

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৫.২৩.৭১৪৪/১(৫)

তারিখ: ২ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ  
১৬ মে ২০২৪ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম;
- ২। অফিস সুপার, উপজেলা নির্বাহী অফিসারের দপ্তর, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উলিপুর, কুড়িগ্রাম;
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়, উলিপুর, কুড়িগ্রাম;
- ৪। জনাব ফিরোজ শাহ আলম (অভিযোগকারী), ডাকঘর: সাতদরগাহ, উলিপুর, কুড়িগ্রাম এবং
- ৫। পিও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।



১৬-০৫-২০২৪  
মোঃ ওমর ফারুক  
উপ রেজিস্ট্রার